

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৭.১৬.০০২.১৯- ১৯৪

তারিখঃ ০২.৪.২০১৯ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ বায়োমেট্রিক মেশিনে রেজিস্ট্রেশন ও হাজিরা সংক্রান্ত।


দেশের জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার বন্ধপরিচর। এ লক্ষ্যে এসডিজি'র লক্ষ্যমাত্রা সফলভাবে অর্জন করতে হলে সর্বস্তরের সকল চিকিৎসক কর্মকর্তা, নার্স, প্যারামেডিক্যালসহ অন্যান্য সহযোগী কর্মচারীদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিগত ২৭ জানুয়ারী' ২০১৯ খ্রিঃ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শন করেন। মাননীয় প্রধানমন্ত্রী পরিদর্শনকালে দেশের বিভিন্ন পর্যায়ের হাসপাতালগুলোর চিকিৎসক, নার্স ও অন্যান্য সকলের উপস্থিতি নিশ্চিত করাসহ আন্তরিকতার সাথে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। কর্মস্থলে নিয়মিত উপস্থিতি ও দায়িত্বে অবহেলার ক্ষেত্রে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্যও তিনি নির্দেশ প্রদান করেছেন।

০২। এমতাবস্থায়, দেশের জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে চিকিৎসক কর্মকর্তাসহ সংশ্লিষ্ট অন্যান্য সকলের চাকরি স্থায়ীকরণ/নিয়মিতকরণ/বিদেশ প্রশিক্ষণ/পদোন্নতি/বদলি/পদায়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহকে সরকার বিবেচনায় নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) চাকরি স্থায়ীকরণ/নিয়মিতকরণ, প্রেষণ, বৈদেশিক প্রশিক্ষণ/কনফারেন্সে অংশগ্রহণ এবং অর্জিত ছুটি অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন দাখিল ও অগ্রায়ণের ক্ষেত্রে বায়োমেট্রিক হাজিরার তথ্য উল্লেখ করতে হবে;

(খ) বদলি ও পদায়নের ক্ষেত্রেও বায়োমেট্রিক রেজিস্ট্রেশন হাজিরা বিবেচনায় নেয়া হবে;

(গ) অনুচ্ছেদ (ক) ও (খ) এ বর্ণিত বিষয়সমূহ বিবেচনা/অনুমোদনের জন্য আবেদনকারীর HRIS ডাটা হালনাগাদ থাকতে হবে এবং তা আবেদনের সাথে দাখিল করতে হবে।


(মোঃ আর্সাদুল ইসলাম)
সচিব

ফোনঃ ৯৫৭৭১৯৯

ই-মেইল: secretary@hspd.gov.bd
secretaryhealthservice@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ (সকল),
- ৩। পরিচালক (সকল),.....
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল),.....
- ৮। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। যুগ্ম সচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।